



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“ কৃষি উন্নয়ন ও বনায়নে বঙ্গবন্ধুর ভাবনা” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ নভেম্বর ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে “কৃষি উন্নয়ন ও বনায়নে বঙ্গবন্ধুর ভাবনা” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের আয়োজনে ২১ নভেম্বর ২০২১ তারিখ সন্ধ্যা ৬.৩০টায় এ ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. লুৎফুল হাসান। এসময় প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. লুৎফুল হাসান বলেন, বাঙালি জাতির মুক্তি সনদের জন্য বঙ্গবন্ধু পাগল ছিলেন। বঙ্গবন্ধু বাঙালি জাতিকে স্বাধীনতা এনে দিয়েছেন, দিয়েছেন মানচিত্র। তিনি যুদ্ধবিধ্বস্ত দেশ কে করেছেন পুনর্গঠন। তিনি অনুধাবন করতে পেরেছিলেন কেবলমাত্র পুষ্টিকর খাবার পেলেই এদেশের মানুষ মেধাবী হবেনা বরং একটি মেধাবী জাতি যদি আমরা প্রতিষ্ঠা করতে চাই তাহলে কৃষিতে গুরুত্ব দিতে হবে আর তাই মাত্র সাড়ে তিন বছরে বঙ্গবন্ধু কৃষি সেক্টরে ব্যাপক পরিবর্তন আনায়ন করতে সক্ষম হয়েছিলেন। পাশাপাশি বনায়নের দিকে তিনি গুরুত্বারোপ করেন। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় বঙ্গবন্ধু পরিকল্পনা মাফিক সবুজায়নের উপর জোর দিয়েছিলেন। ওয়েবিনারে প্রধান আলোচক ছিলেন বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদকপ্রাপ্ত গবেষক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রাখহরি সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুরত কুমার দাস। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রভাষক ড. ঈশিতা হায়দার। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস